

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি আবাসন পরিদপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.doga.gov.bd

নং: ২৫.৪৩.০০০০.০০৭.০৬.০৬০.১৫/ ৫৫৪)

তারিখ: ১৯ জুলাই ২০১৭

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সময়: ১২.০০ ঘটিকা

তারিখ: ২৪-০৭-২০১৭ ইং

স্থান: পরিচালকের দপ্তর

উপস্থিতির বিবরণ: সংযুক্ত তালিকা

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অত্র পরিদপ্তরের বিভিন্ন শাখা কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে এর কার্যক্রমকে গতিশীল ও সেবামুখী করা সহ সকলের সহযোগিতা কামনা করেন এবং সেবাসমূহ সহজীকরণের বিষয়ে নতুন কোন প্রস্তাব থাকলে তা পেশ করার আহ্বান জানান।

এর প্রেক্ষিতে অত্র পরিদপ্তরের অফিস ব্যবস্থাপনা ও সেবা প্রদান বিষয়ে আলোচনা হয়। আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
১।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরে প্রতি মাসে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত পুরোপুরি বাস্তবায়নের সব ধরনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন) এ বিষয়ে পত্র জারির মাধ্যমে সকল শাখা কে বিষয়টি অবহিত করুন।
২।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নার্থে আঞ্চলিক কার্যালয়ে এ সংক্রান্ত কার্যক্রম সম্পর্কিত	সরকারি আবাসন পরিদপ্তরের চট্টগ্রাম কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নকল্পে নৈতিকতা কমিটি গঠন (ফোকাল কর্মকর্তা নিয়োগ) পূর্বক প্রতি মাসে সভা আয়োজন সহ কার্যবিবরণীর অনুলিপি অত্র পরিদপ্তরকে প্রদান করতে হবে।	উপ-পরিচালক (প্রশাঃ), এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
৩।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	সরকারি আবাসন পরিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় অর্ন্তভুক্ত শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে অত্র পরিদপ্তরের কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাঃ) প্রশিক্ষণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।
৪।	অফিস প্রস্থানকালীন সময় লাইট, ফ্যান, কমপিউটার সহ অন্যান্য ইলেকট্রিক যন্ত্রপাতি বন্ধকরণ বিষয়ে।	সরকারি আবাসন পরিদপ্তরে অফিস প্রস্থানকালীন সময়ে কোন কোন শাখায় লাইট, ফ্যান, কমপিউটার সহ অন্যান্য ইলেকট্রিক যন্ত্রপাতি বন্ধ না করে অফিস প্রস্থান করার প্রবণতা লক্ষ করা যাচ্ছে।	সহঃ পরিচালক (প্রশাঃ) এ বিষয়ে প্রত্যেক শাখার কর্মচারীদের নিজ দায়িত্বে ইলেকট্রিক যন্ত্রপাতি বন্ধকরণ করার জন্য

			সকল শাখার সহকারী পরিচালককে বিষয়টি অবহিত করতে হবে।
--	--	--	--

পরিশেষে অত্র পরিদপ্তরের বিভিন্ন সেবারমান বৃদ্ধির জন্যে সেবামূলক মানসিকতা নিয়ে সেবা প্রত্যাশীদের সহযোগিতা করার জন্য আহ্বান জানানোর মাধ্যমে সভা পরিসমাপ্তি করা হয়।

২৮৬  
পরিচালক(যুগ্ম সচিব)  
ও  
সভাপতি  
নৈতিকতা কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। উপ সচিব( উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
- ৩। উপ-পরিচালক ( ), সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব মাসুদুল আলম - (সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। অফিস কপি।

মাসুদুল আলম  
সহকারী পরিচালক  
ও  
সদস্য সচিব  
নৈতিকতা কমিটি